# মডেল ইনস্টিটিউট অব সায়েন্স এন্ড টেকনোলজি, গাজীপুর

পোঃ ডুয়েট গাজীপুর-১৭০৭। প্রতিষ্ঠান কোড-৫৩০৩৩

## বিদেশে উচ্চশিক্ষায় আগ্রহী শিক্ষার্থীদের জন্য জরুরী নোটিশ

তারিখ: ৩০/০৩/২৬ Ref: No: MIST/REF/2026/001

মডেল ইনস্টিটিউট অব সায়েন্স এন্ড টেকনোলজি, গাজীপুরের সকল বর্তমান এবং প্রাক্তন শিক্ষার্থীদের জন্য জানানো যাচ্ছে যে, যে সকল শিক্ষার্থী বিদেশে উচ্চশিক্ষার আবেদনের জন্য অধ্যক্ষ মহোদয় কর্তৃক 'Reference Letter' বা 'Recommendation Letter' সংগ্রহ করতে ইচ্ছুক, সে সকল শিক্ষার্থীদের নিচের প্রক্রিয়াটি অনুসরণ করতে হবে।

### বিশেষ দ্রষ্টব্য:

অনেক ক্ষেত্রে বিদেশী বিশ্ববিদ্যালয়গুলোর নিজস্ব পোর্টালে সরাসরি লিংক এর মাধ্যমে রেফারেন্স প্রদান করতে হয়। কিন্তু শিক্ষার্থী সনাক্তকরণের জন্য প্রয়োজনীয় তথ্য বিশ্ববিদ্যালয় সমূহের নিজস্ব ডাটা প্রটেকশন রেগুলেশন এর জন্য নির্দিষ্ট শিক্ষার্থীকে সনাক্ত করা এবং তাদের একাডেমিক পারফরম্যান্স মূল্যায়ন করা কঠিন হয়ে পড়ে।

তাই বিশ্ববিদ্যালয়ে আবেদনের সাথে সাথেই শিক্ষার্থীদের নিচে উল্লেখিত নিয়ম মেনে দ্রুত ই-মেইল [principal@mistte.edu.bd] করার জন্য নির্দেশনা প্রদান করা হল-

১. **ই-মেইল এর মাধ্যমে আবেদন:** আবেদনের ডেট লাইনের অন্তত দুই সপ্তাহ আগে অধ্যক্ষ মহোদয়ের অফিসিয়াল ই-মেইলে একটি ফরমাল আবেদন পাঠাতে হবে। ই-মেইলের Subject লাইনে অবশ্যই: "Request for Reference Letter- [শিক্ষার্থীদের পূর্ণ নাম]" এই ফরমেটে লিখতে হবে।

২. **প্রয়োজনীয় তথ্য প্রদান (Identification) :** সঠিকভাবে সনাক্ত করার জন্য ই-মেইলের বডিতে অবশ্যই নিচের তথ্যগুলো উল্লেখ করতে হবে।
   - শিক্ষার্থীর পূর্ণ নাম (একাডেমিক সার্টিফিকেট ও পাসপোর্ট অনুযায়ী)।
   - ডিপ্লোমা রোল নাম্বার ও রেজিস্ট্রেশন নাম্বার।
   - বিভাগ (যেমন- কম্পিউটার, সিভিল, ইলেকট্রিক্যাল ইত্যাদি)
   - ভর্তির বছর এবং পাশের বছর।
   - যেসব বিশ্ববিদ্যালয়ে আবেদন করা হয়েছে তার তালিকা
   - IELTS/English proficiency Score (যদি থাকে)

৩. **সংযুক্ত করতে হবে এমন নথিপত্র (Mandatory Attachments):** ই-মেইলের সাথে অবশ্যই নিচের ডকুমেন্টগুলো PDF ফরমেটে যুক্ত করতে হবে।
   - একটি আপডেট জীবনবৃত্তান্ত (CV)।
   - একাডেমিক রেকর্ড (সকল সেমিস্টারের মার্কশিট/ট্রান্সক্রিপ্ট-এর স্ক্যান কপি)।
   - স্টেটমেন্ট অব পারপাস (SOP) যদি তৈরি থাকে।

CamScanner

৪. **বিশেষ অর্জনসমূহ উল্লেখ:** শিক্ষার্থী সম্পর্কে একটি শক্তিশালী রেফারেন্স তৈরি করার জন্য ই-মেইলে সংক্ষেপে নিজের একাডেমিক সাফল্য, কোন বিশেষ প্রজেক্ট, ইন্টার্নশিপ বা সহ-শিক্ষা কার্যক্রম (Extracurricular activities) সমূহ উল্লেখ বাঞ্ছনীয়।

## সতর্কতা:

- প্রয়োজনীয় তথ্য (রোল নম্বর, বিভাগ বা একাডেমিক রেকর্ড) ছাড়া আবেদন করলে রেফারেন্স লেটার প্রদান করা হবে না।

এমআইএসটি পরিবার শিক্ষার্থীদের বৈশ্বিক সাফল্যে সহযোগিতা করতে সবসময় সচেষ্ট। আমাদের সকল শিক্ষার্থীদের উজ্জ্বল ভবিষ্যৎ নিশ্চিত করতে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা একান্ত কাম্য।

ধন্যবাদান্তে,

..............................................

অধ্যক্ষ

মডেল ইনস্টিটিউট অব সায়েন্স এন্ড টেকনোলজি (MIST), গাজীপুর।